**নিম্নলিখিত প্রশ্নগুলি অটল পেনশন যোজনা (APY) সম্বন্ধে প্রায়শই জানতে চাওয়া হয়**

## ১। পেনশন কি? কেন এটা প্রয়োজন ?

একজন ব্যাক্তির যখন আর কোন রোজগার থাকেনা, তখন এই পেনশন একটি মাসিক আয়ের উৎস হয়।

এই পেনশন কেন প্রয়োজন:

- বয়স বাড়ার সঙ্গে সঙ্গে সম্ভাব্য আয় কমে যাওয়া ।
- অনু পরিবারের সংখ্যা বৃদ্ধি - এবং উপার্জনকারী সদস্যদের স্থানান্তকরণ।
- জীবনযাত্রার খরচ বৃদ্ধি ।
- বর্ধিত আয়ু, নির্দিষ্ট মাসিক আয় বৃদ্ধ বয়সে জীবন সুরক্ষিত করে ।

## ২। অটল পেনশন যোজনা কি?

এটি ভারতের অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য একটি পেনশন যোজনা । **APY** –এর অধীনে প্রতি মাসে পেনশনর নিশ্চিত টাকা ১০০০/– , ২০০০/–, ৩০০০/–, ৪০০০/–, ৫০০০/– হিসাবে ৬০ বছর বয়সের পর দেওয়া হবে এবং এটা গ্রাহকদের জমা রাশির উপর নির্ভর করে

## ৩। APY -তে যোগদান কারা করতে পারে ?

ভারতের যে কোনো নাগরিক এই প্রকল্পে যোগ দিতে পারে ।
যোগদানের শর্তাবলী :
১) গ্রাহকের বয়স অবশ্যই ১৮ বছর থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।
২) একটি সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট অবশ্যই থাকতে হবে।
৩) প্রত্যাশিত আবেদনকারীর একটি মোবাইল নম্বর থাকতে হবে এবং এটি অ্যাকাউন্ট–এ নিবন্ধীকরন করতে হবে ।

প্রত্যাশিত আবেদনকারী **APY A/C** -এ পর্যায়ক্রমিক আপডেট প্রাপ্তির জন্য ব্যাংকে মোবাইল নম্বর এবং **Aadhar** নম্বর প্রদান করতে হবে। তবে **Aadhar** নম্বর তালিকাভুক্তি বাধ্যতামূলক নয়।

## সরকারের সহ অবদান ৫ বছরের জন্য পাওয়া যায় (২০১৫-১৬ থেকে ২০১৯-২০)।

ক) যারা ১লা জুন ২০১৫ থেকে ৩১ শে ডিসেম্বর ২০১৫ –এর মধ্যে এই যোজনায় অংশ গ্রহণ করবে।
খ) যারা কোন বিধিবদ্ধ সামাজিক নিরাপত্তা প্রকল্প দ্বারা আচ্ছাদিত নয়।
গ) সরকারের সহ–অবদান আয়করদাতাদের জন্য নয়।

## ৪। অন্যান্য সামাজিক নিরাপত্তা স্কিম যেগুলি APY অধীন সরকারের সহ-অবদানের সুবিধা পাবেন না?

যে ব্যাক্তিরা নিম্ন লিখিত সামাজিক নিরাপত্তা প্রকল্পের সুবিধা ভোগ করে তারা সরকারের সহ-অবদানের সুবিধা পাবেনা :

১) এমপ্লয়িজ 'প্রভিডেন্ট ফান্ড ও বিবিধ ব্যবস্থা আইন ১৯৫২
২) কয়লা খনি প্রভিডেন্ট ফান্ড এবং বিবিধ ব্যবস্থা আইন ১৯৪৮
৩) আসাম চা বাগান প্রভিডেন্ট ফান্ড এবং বিবিধ ব্যবস্থা আইন ১৯৫৫
৪) সিমেনস প্রভিডেন্ট ফান্ড আইন ১৯৬৬
৫) জম্মু কাশ্মীর এমপ্লয়িজ 'প্রভিডেন্ট ফান্ড ও বিবিধ ব্যবস্থা আইন ১৯৬১
৬) অন্য কোনও বিধিবদ্ধ সামাজিক নিরাপত্তা প্রকল্প

## ৫। APY অধীনে কত পেনশন পাওয়া যাবে ?

**নিশ্চিত মাসিক পেনশনের পরিমাণ**

১০০০ টাকা / ২০০০ টাকা/ -, ৩০০০ টাকা/ -, 8000 টাকাএবং ৫০০০ টাকা - এবং এটি ৬০ বছর বয়সের পর দেওয়া হবে। গ্রাহকদের মাসিক জমা রাশির উপর নির্ভর করে।

## ৬। APY প্রকল্পে যোগদান সুবিধা কি?

সরকারের সহ–অবদান ৫ বছরের জন্য পাওয়া যায় (২০১৫-১৬থেকে ২০১৯-২০)।

ক) যারা ১লা জুন ২০১৫ থেকে ৩১ শে ডিসেম্বর ২০১৫ -এর মধ্যে এই যোজনায় অংশ গ্রহণ করবে ।
খ) যারা কোন বিধিবদ্ধ সামাজিক নিরাপত্তা প্রকল্প দ্বারা আচ্ছাদিত নয় ।
গ) সরকারের সহ-অবদান আয়করদাতাদের জন্য নয় ।
ঘ) বার্ষিক সহ-অবদানের পরিমান জমারাশির ৫০% বা ১০০০ টাকা , যেটি কম ।

## ৭। APY **অবদানসমূহ কিভাবে বিনিয়োগ করা হয়**?

**APY** অধীনে অবদান অর্থ ভারত সরকারের অর্থ মন্ত্রণালয়, কর্তৃক নির্ধারিত বিনিয়োগ নির্দেশিকা অনুযায়ী বিনিয়োগ করা হয়। **APY** প্রকল্প **PFRDA/**সরকার দ্বারা পরিচালিত হয়।

## ৮। APY **অ্যাকাউন্ট খোলার জন্য পদ্ধতি কি**?

**i)** সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট যে ব্যাংক শাখায় আছে, সেখানেই আবেদন করতে হবে।
**ii**) ব্যাংক **A / C** নম্বর প্রদান করুন এবং ব্যাংক কর্মীদের সাহায্যে, **APY** রেজিস্ট্রেশান ফরমটি পূরন করুন।
iii) মোবাইল নম্বর এবং এটি আধার নম্বর উপলব্ধ হলে প্রদান করতে হবে।
**iv**) মাসিক অবদান স্থানান্তরের জন্য প্রয়োজন জমা রাশি সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে থাকতে হবে ।

## ৯। **আধার নম্বর প্রকল্প যোগ দেওয়ার জন্য বাধ্যতামূলক** কী ?

APY একাউন্ট খোলার জন্য আধার নম্বর প্রদান বাধ্যতামূলক নয়. তবে **Aadhar** নম্বর প্রদান করা বাঞ্ছনীয়।

## ১০। **সেভিংস ব্যাংক একাউন্ট ছাড়া** APY **অ্যাকাউন্ট খোলা যায় কি** ?

না, সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট **APY** প্রকল্পে যোগ দেওয়ার জন্য বাধ্যতামূলক।

## ১১। **APYঅ্যাকাউন্টে টাকা দেওয়ার পদ্ধতি ?**

গ্রাহকের সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট থেকে অটো-ডেবিট সুবিধার মাধ্যমে মাসিক জমা রাশি স্থানান্তর করা হয়।

## ১২। **মাসিক অবদানের জন্য নির্দিষ্ট তারিখ** ?

মাসিক অবদানের জন্য নির্দিষ্ট তারিখ হিসাবে স্থির করা হবে. প্রথম যোগদানের তারিখই ।

## ১৩। প্রয়োজনীয় বা যথেষ্ট টাকা সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে না থাকলে কি হবে ?

নির্দিষ্ট তারিখে অবদানের জন্য সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে প্রয়োজনীয় টাকা না থাকলে তাহা ডিফল্ট হিসেবে বিবেচনা করা হবে। বিলম্বিত অবদানের জন্য প্রতিমাসে ১ টাকা হইতে ১০ টাকা পর্যন্ত অতিরিক্ত আদায় করা হইবে।

ক) মাসিক ১০০ টাকা পর্যন্ত অবদানের জন্য প্রতি মাসে ১ টাকা।
খ) মাসিক ১০১ থেকে ৫০০ টাকা পর্যন্ত অবদানের জন্য প্রতি মাসে ২ টাকা।
গ) মাসিক ৫০১ থেকে ১০০০ টাকা পর্যন্ত অবদানের জন্য প্রতি মাসে ৫ টাকা।
ঘ) মাসিক ১০০১ টাকার বেশী অবদানের জন্য প্রতি মাসে ১০ টাকা।

**প্রয়োজনীয় অবদান জমা না থাকলে APY প্রকল্পে কি হবে ?**
ক) ৬ মাস পর অ্যাকাউন্ট টি তে লেনদেন বন্ধ হয়ে যাবে ।
খ) ১২ মাস পর অ্যাকাউন্ট টি বন্ধ হয়ে যাবে।

সমস্ত APY গ্রাহকদের প্রয়োজনীয় জমা রাশি, সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট-এ রাখতে হবে।

বিলম্বজনিত প্রদেয় রাশি (Penalty/ Interest) Pension Corpus-এর সহিত হিসাব করা হবে।

## 14. ১০০০ টাকা নিশ্চিত পেনশন পেতে APY প্রকল্পে মাসিক কত টাকা বিনিয়োগ করা প্রয়োজন ?

| বয়স | অবদান এর বছর | ইঙ্গিতবাহী মাসিক অবদান |
|---|---|---|
| 18 | 42 | 42 |
| 20 | 40 | 50 |
| 25 | 35 | 76 |
| 30 | 30 | 116 |
| 35 | 25 | 181 |
| 40 | 20 | 291 |

সমস্ত অবদান গ্রাহকের সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট থেকে অটো ডেবিট সুবিধার মাধ্যমে মাসিক স্থানান্তর করা হয়। বিস্তারিত বিবরনের জন্য সংযোজনী ১ দেখুন।

## ১৫। এই প্রকল্পে যোগদানের সময় নমিনী (Nominee) নথি ভুক্ত করা প্রয়োজন?

হ্যাঁ। এই অ্যাকাউন্ট-এ নমিনীর বিবরণ প্রদান বাধ্যতামূলক। গ্রাহক বিবাহিত হইলে স্ত্রী / স্বামীর বিবরণ দিতে হবে।
Aadhar বিবরণ উপলব্ধ করা হয়, কিন্তু তা বাধ্যতামূলক নয় ।

## ১৬। একজন কয় টি APY অ্যাকাউন্ট খুলতে পারে ?

একটি গ্রাহক শুধুমাত্র একটি অ্যাকাউন্ট খুলতে পারে এবং এটি অনন্য। একাধিক অ্যাকাউন্ট খোলার অনুমতি নেই।

## ১৭। কম বা বেশি পেনশন পরিমাণ এর জন্য মাসিক অবদান হ্রাস/ বৃদ্ধি করার বিকল্প আছে কি ?

হ্যাঁ। পেনশনের অবদানের পরিমাণ কম বা বেশী করা যাবে। তবে, সুইচিং বিকল্পের সুবিধা এপ্রিল মাসে বছরে একবার পাওয়া যাবে।

## ১৮। প্রকল্প থেকে প্রত্যাহার পদ্ধতি ?

ক) ৬0 বছর বয়সের পর ।

৬0 বছর শেষ করার পরে, গ্রাহকদের নিশ্চিত মাসিক পেনশন দেওয়া হবে এবং পুরো জমা রাশি পেনশনের সম্পদ হিসাবে গণ্য হবে।

খ) গ্রাহকের মৃত্যু ৬০ বছর বয়সের পর (যে কোনও কারণে)।

গ্রাহকের মৃত্যুর ক্ষেত্রে পত্নী এবং তাদের (গ্রাহক এবং স্ত্রী/ স্বামী) এবং তাদের উভয়ের মৃত্যুর পর মনোনীত নামিনী কে CORPUS ফেরত দেওয়া হবে।

গ) ৬০ বছর বয়সের আগে প্রত্যাহার
৬০ বছর বয়সের আগে প্রত্যাহারের অনুমতি দেওয়া হবে ব্যতিক্রমি পরিস্থিতিতে, যেমন- গ্রাহকের মৃত্যু হলে বা দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে।

## ১৯। অবদান অবস্থা কিভাবে জানা যাবে ?

অবদান অবস্থা এসএমএস সতর্কতা দ্বারা গ্রাহকের নিবন্ধিত মোবাইল নম্বরে জ্ঞাপিত করা হবে। গ্রাহক কে বছরে একবার অ্যাকাউন্টের বিবৃতি দেওয়া হবে।

## ২০। লেনদেনের কোন বিবৃতি পাওয়া যাইবে ?

হ্যাঁ। অ্যাকাউন্ট হিসাবের বার্ষিক বিবরণী গ্রাহকদের জন্য উপলব্ধ করা হবে।

## ২১। বাসভবন / শহর পরিবর্তনের ক্ষেত্রে অবদান কিভাবে অ্যাকাউন্ট এ জমা করা যাবে?

বাসভবন বা শহর পরিবর্তনের ক্ষেত্রে অটো ডেবিট এর মাধ্যমে অবদান স্থানান্তর করা সম্ভব হবে।

## ২২। বর্তমান স্বাবলম্বন গ্রাহকদের জন্য কী হবে?

ক)১৮ থেকে ৪০ বছরের গ্রাহকরা স্বয়ংক্রিয় ভাবে APY তে রূপান্তরিত হতে পারবে। সরকারের ৫ বছরের প্রদেয় সহ-অবদানের সুবিধা সর্বমোট ৫ বছরই পাবে। যদি কেউ ইতিপূর্বে এক বছর সরকারী সহ- অবদান পেয়ে থাকে, তাহলে সে বাকি চার বছরের জন্যও পাবে। বর্তমান যোগ্য স্বাবলম্বন গ্রাহকরা APY প্রকল্প থেকে প্রত্যাহার করলে, সরকারের সহ-অবদান চূড়ান্তভাবে ২০১৬-১৭ সাল পর্যন্তই বিবেচিত হবে। NPS - স্বাবলম্বন গ্রাহকরা এই প্রকল্প চালিয়ে যেতে পারবে, যতক্ষণ না এই প্রকল্প থেকে প্রত্যাহারের বয়স হয়।

খ) ৪০ বছরের বেশি গ্রাহক রা এই প্রকল্প থেকে বেরিয়ে আসতে পারবে, এককালীন টাকা নিয়ে তাদের ইচ্ছে অনুসারে।

গ)৪০ বছরের বেশি গ্রাহকরা ৬০ বছর পর্যন্ত প্রকল্পটি চালু রাখতে পারে এবং সে ক্ষেত্রে পেনসান / Corpus পাওয়ার যোগ্য বিবেচিত হবে।

ঘ)বর্তমান স্বাবলম্বন প্রকল্পটি স্বয়ংক্রিয় ভাবে APY তে রূপান্তরিত হবে।

ইঙ্গিতবাহী APY অবদান চার্ট (বয়স অনুযায়ী) সংযোজনী ১

| যোগদানের বয়স/এন্ট্রি বয়স | অবদান এর বছর | ১০০০টাকা মাসিক পেনশন. ***Rs1.7*** লাখ নমিনিকে করপাস (ইঙ্গিতবাহী ) | ২০০০টাকা মাসিক পেনশন. ***Rs.3.4*** লাখ নমিনিকে করপাস | ৩০০০টাকা মাসিক পেনশন. ***Rs.5.1*** লাখ নমিনিকে করপাস (ইঙ্গিতবাহী ) | ৪০০০টাকা মাসিক পেনশন. ***Rs.6.8*** লাখ নমিনিকে করপাস.(ইঙ্গিতবাহী ) | ৫০০০টাকা মাসিক পেনশন. ***Rs.8.5*** লাখ নমিনিকে করপাস (ইঙ্গিতবাহী ) |
|---|---|---|---|---|---|---|
| 18 | 42 | 42 | 84 | 126 | 168 | 210 |
| 19 | 41 | 46 | 92 | 138 | 183 | 228 |
| 20 | 40 | 50 | 100 | 150 | 198 | 248 |
| 21 | 39 | 54 | 108 | 162 | 215 | 269 |
| 22 | 38 | 59 | 117 | 177 | 234 | 292 |
| 23 | 37 | 64 | 127 | 192 | 254 | 318 |
| 24 | 36 | 70 | 139 | 208 | 277 | 346 |
| 25 | 35 | 76 | 151 | 226 | 301 | 376 |
| 26 | 34 | 82 | 164 | 246 | 327 | 409 |
| 27 | 33 | 90 | 178 | 268 | 356 | 446 |
| 28 | 32 | 97 | 194 | 292 | 388 | 485 |
| 29 | 31 | 106 | 212 | 318 | 423 | 529 |
| 30 | 30 | 116 | 231 | 347 | 462 | 577 |
| 31 | 29 | 126 | 252 | 379 | 504 | 630 |
| 32 | 28 | 138 | 276 | 414 | 551 | 689 |
| 33 | 27 | 151 | 302 | 453 | 602 | 752 |
| 34 | 26 | 165 | 330 | 495 | 659 | 824 |
| 35 | 25 | 181 | 362 | 543 | 722 | 902 |
| 36 | 24 | 198 | 396 | 594 | 792 | 990 |
| 37 | 23 | 218 | 436 | 654 | 870 | 1,087 |
| 38 | 22 | 240 | 480 | 720 | 957 | 1,196 |
| 39 | 21 | 264 | 528 | 792 | 1,054 | 1,318 |
| 40 | 20 | 291 | 582 | 873 | 1,164 | 1,454 |